অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের 532টি উপযুক্ত পুলিশ সংস্থার সবগুলো 2021 সালের পেশাদার পুলিশিং আইনের আবশ্যিকতা অনুযায়ী কর্মকর্তা নিয়োগের জন্য স্টেটের সার্টিফিকেশন পেয়েছে বলেগভর্নর হোকলের ঘোষণা

এই সার্টিফিকেশন প্রমাণ করছে যে এসব মিউনিসিপ্যাল, কর্তৃপক্ষ, স্টেট, ও রেলপথ পুলিশ সংস্থা পুলিশ কর্মকর্তাদের জন্য নিয়োগ সম্পর্কিত স্টেটের সমন্বিত মানদণ্ডসমূহ অনুসরণ করছে এবং অসদাচরণ প কর্মসংস্থান সংক্রান্ত তথ্য রিপোর্ট করার আবশ্যিকতাসমূহ পূরণ করছে

প্রতিটি সংস্থা আজকের বিধিবদ্ধ সময়সীমা শেষ হওয়ার আগেই আবশ্যিকতা অনুযায়ী সার্টিফিকেশন অর্জন করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের 532টি পুলিশ সংস্থা – সব উপযুক্ত সংস্থার মধ্যে শতকরা 100 ভাগ সংস্থা – 2021 সালের পেশাদার পুলিশিং আইনের আবশ্যিকতা অনুযায়ী কমপ্লায়েন্সের জন্য স্টেটের সার্টিফিকেশন অর্জন করেছে। এই সার্টিফিকেশন প্রমাণ করছে যে এসব মিউনিসিপ্যাল, কর্তৃপক্ষ, স্টেট, ও রেলপথ পুলিশ সংস্থা পুলিশ কর্মকর্তাদের জন্য নিয়োগ সম্পর্কিত স্টেটের সমন্বিত মানদণ্ডসমূহ অনুসরণ করছে এবং অসদাচরণ প কর্মসংস্থান সংক্রান্ত তথ্য রিপোর্ট করার আবশ্যিকতাসমূহ পূরণ করছে। সংস্থাগুলোর প্রত্যেকেই আজকের বিধিবদ্ধ সময়সীমা শেষ হওয়ার আগেই আবশ্যিকতা অনুযায়ী সার্টিফিকেশন অর্জন করেছে।

"জন নিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার এবং আমি নিউ ইয়র্কের আইন প্রয়োগকারী সংস্থাকে তাদের কাজ সফলভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সরঞ্জামসমূহ সরবরাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছি," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্কের প্রতিটি কমিউনিটি যাতে নিরাপদ থাকে এবং তাদের সঙ্গে যাতে মর্যাদাপূর্ণ আচরণ করা হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য আমাদের আইন প্রয়োগকারী সংস্থার অংশীদারদের সঙ্গে আমরা অব্যাহতভাবে কাজ করা চালিয়ে যাবো।"

পেশাদার পুলিশিং আইন 16 অক্টোবর, 2021 তারিখ থেকে কার্যকর হয়েছে, যা পুলিশ কর্মকর্তা হিসেবে কর্মরত ব্যক্তিরা যাতে এই কাজ সম্পাদনের জন্য যোগ্য, ভালো নৈতিক চরিত্রের অধিকারী এবং শারীরিক ও মানসিকভাবে ফিট হন সে বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে পুলিশ

ডিপার্টমেন্ট ও শেরিফ'স অফিসগুলোর জন্য স্টেটের তদারকি জোরদার করেছে। এই আইন প্রণয়নের আগে, সংস্থাগুলো নিজস্ব নিয়োগ সংক্রান্ত মানদণ্ড মেনে চলতো, যার ফলে আইনি অধিক্ষেত্রগুলোতে নিয়োগের রীতি ও মানদণ্ডের মধ্যে সঙ্গতি রক্ষা করা যেত না। স্টেটের তরফ থেকে সংস্থাগুলোর জন্য নিয়োগের জন্য সেরা রীতি অনুসরণ করার, উদাহরণস্বরূপ, পুলিশে নিয়োগপ্রার্থীদের জন্য আঙুলের ছাপ ব্যবহার করে অপরাধের ইতিহাস যাচাই অথবা মনস্তাত্ত্বিক পরীক্ষার মধ্য দিয়ে যাওয়া এবং অসদাচরণের কারণে কোনো কর্মকর্তার প্রশিক্ষণ বা লাইসেন্স বাতিল করা হয়েছে কিনা যা যাচাই করা, ইত্যাদির কোনো ম্যান্ডেট ছিল না। এছাড়াও আইনটি সংস্থাগুলোকে আইন প্রণয়নের তারিখ থেকে শুরু করে নিয়োগ ও রিপোর্টিং সংক্রান্ত মানদণ্ডসমূহের বাধ্যতামূলক সার্টিফিকেশন অর্জনের জন্য দুই বছর সময় দিয়েছে।

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এর কমিশনার রোজানা রোসেডো বলেন, "নিউ ইয়র্ক ছিল নতুন পুলিশ কর্মকর্তাদের জন্য প্রাথমিক প্রশিক্ষণ বাধ্যতামূলক বিষয়ে পরিণত করা দেশের প্রথম স্টেট। এই পেশাদার পুলিশিং আইন নিয়োগ ও রিপোর্টিং-এর জন্য কঠোর, সমন্বিত মানদণ্ডসমূহ আবশ্যক করে তোলার মাধ্যমে সেই ঐতিহ্যকে এগিয়ে নিচ্ছে। এই অতি গুরুত্বপূর্ণ পুনর্গঠনসমূহ বাস্তবায়ন হওয়া নিশ্চিত করতে গত দুই বছরে সংস্থাগুলোর সঙ্গে কাজ করা এবং নথিপত্র পর্যালোচনা করার জন্য বহু কর্মঘণ্টা ব্যয় করা আমাদের টিমের সদস্যদেরকে আমি ধন্যবাদ জানাই।"

নিয়োগের মানদণ্ড অনুযায়ী পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফের অফিসগুলোর জন্য পুলিশ কর্মকর্তা হিসেবে নিয়োগপ্রার্থীদের জন্য মনস্তাত্ত্বিক মূল্যায়ন ও পটভূমি সম্পর্কিত তদন্ত পরিচালনা করা আবশ্যক করা হয়েছে। পটভূমি সম্পর্কিত তদন্তের মধ্যে অবশ্যই প্রার্থীর তরফ থেকে একটি সমন্বিত আবেদন এবং ব্যক্তিগত ইতিহাস বিষয়ক বিবৃতি যেখানে মানদণ্ডে তুলে ধরা রূপরেখা অনুযায়ী নৈতিক চরিত্রের উপাদানসমূহ ফুটিয়ে তুলতে হবে; আঙুলের ছাপ ব্যবহার করে অপরাধের ইতিহাস যাচাই; এবং ন্যূনতম হিসেবে পরিবারের সদস্য, ব্যক্তিগত রেফারেন্স, শিক্ষা প্রতিষ্ঠান, আগের নিয়োগকর্তা, পূর্বের প্রতিবেশী বা বাড়ির মালিক, সংগঠন, ও অ্যাফিলিয়েশন; ক্রেডিট সংস্থা; আদালত; আবেদনকারী যেখানে বসবাস করেছেন বা কর্মরত ছিলেন সেখানকার আইন প্রয়োগকারী সংস্থাসমূহ; স্টেটের মোটর যান বিভাগ (Department of Motor Vehicles), এবং যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী কর্তৃক সরবরাহকৃত তথ্যের পর্যালোচনা অন্তর্ভুক্ত থাকতে হবে।

পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফের অফিসগুলোকে অবশ্যই প্রার্থীদের সরাসরি সাক্ষাতকার গ্রহণ করতে হবে এবং প্রশিক্ষণের সার্টিফিকেট অথবা কর্মকর্তার অসদাচরণের কারণে লাইসেন্স প্রত্যাহারের বিষয়টি অনুসন্ধানের জন্য স্টেটের সেন্ট্রাল রেজিস্ট্রি অব পুলিশ এন্ড পিস অফিসার্স (Central Registry of Police and Peace Officers), যেটি স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS)-এর রক্ষণাবেক্ষণের অধীন, এবং ন্যাশনাল ডিসার্টিফিকেশন ইনডেক্স-এ অনুসন্ধান চালানোর অনুরোধ করতে হবে।

এছাড়াও সংস্থাগুলোকে অবশ্যই কর্মকর্তার অসদাচরণ সম্পর্কে উপযুক্ত স্টেট সংস্থার কাছে রিপোর্ট করতে হবে। ভিলেজ, টাউন ও সিটি পুলিশ ডিপার্টমেন্ট এবং কাউন্টি শেরিফের অফিসগুলোকে অবশ্যই কোনো কর্মকর্তা সম্পর্কে পাঁচটি বা তার বেশি অভিযোগ পেয়ে থাকলে

দুই বছরের মধ্যে তার সম্পর্কে স্টেটের অ্যাটর্নি জেনারেলের আইন প্রয়োগকারী সংস্থার অসদাচরণ সম্পর্কিত তদন্ত বিষয়ক কার্যালয়ের (Law Enforcement Misconduct Investigative Office) কাছে রিপোর্ট করতে হবে; স্টেট সংস্থাগুলোর পরিচালনাধীন পুলিশ ডিপার্টগুলোকে অবশ্যই অসদাচরণ সম্পর্কে স্টেটের ইন্সপেক্টর জেনারেলের অফিসে (Inspector General's Office) রিপোর্ট করতে হবে, এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority) এবং পোর্ট অথরিটি (Port Authority) পুলিশ ডিপার্টমেন্টকে অবশ্যই তাদের ইন্সপেক্টর জেনারেলের কার্যালয়সমূহে অসদাচরণ সম্পর্কে রিপোর্ট করতে হবে।

সব সংস্থাকে অবশ্যই সেন্ট্রাল স্টেট রেজিস্ট্রি অব পুলিশ এন্ড পিস অফিসার্স-এর কাছে রিপোর্ট করার আবশ্যিকতাসমূহ মেনে চলতে হবে। এই তথ্যের মধ্যে যেসব তথ্য থাকতে হবে তার মধ্যে রয়েছে নিয়োগের তারিখ, প্রাথমিক প্রশিক্ষণ সম্পন্ন করার তারিখসমূহ, এবং প্রত্যাহারের কারণ। স্টেটের আইনের অধীনে, যখন কোনো কর্মকর্তাকে অসদাচরণের জন্য প্রত্যাহার করা হয়, অথবা যখন কোনো কর্মকর্তাকে অসদাচরণের পরে, অথবা অসদাচরণের অভিযোগের সাথে সংযোগের কারণে পদত্যাগ বা অবসরগ্রহণ করতে হয়, তখন একজন পুলিশ বা পিস অফিসারের প্রাথমিক প্রশিক্ষণের সার্টিফিকেট তাৎক্ষণিকভাবে অকার্যকর হয়ে যায়। DCJS এটির ওয়েবসাইটে যেসব পুলিশ কর্মকর্তা এবং পিস অফিসারদের প্রশিক্ষণের সার্টিফিকেট বাতিল করা হয়েছে তাদের একটি তালিকা সংরক্ষণ করে এবং প্রতি মাসে এটি আপডেট করে থাকে।

স্টেটের আইন প্রয়োগকারী সংস্থার অ্যাক্রেডিটেশন কাউন্সিল, যেটিকে DCJS কর্মী প্রদানের মাধ্যমে সহায়তা প্রদান করে থাকে, বাধ্যতামূলক সার্টিফিকেশন প্রক্রিয়া এবং পুলিশ ডিপার্টমেন্ট ও শেরিফের অফিসগুলোর জন্য একটি স্বেচ্ছামূলক অ্যাক্রেডিটেশন কর্মসূচি তদারক করে থাকে। এই কাউন্সিল 2022 সালের ডিসেম্বর মাস থেকে শুরু করে ক্রমাণ্বয়ে সার্টিফিকেশন প্রদান করেছে এবং এই প্রক্রিয়া এই মাসের শুরুতে শেষ হয়েছে। এটি 532টি সংস্থাকে কমপ্লায়েন্স প্রমাণ করার জন্য প্রয়োজনীয় সব নথিপত্র সংকলনের সুযোগ দিয়েছে, DCJS কর্মীদের সেসব নথিপত্র পর্যালোচনা করার পর্যাপ্ত সময় দিয়েছে, এবং ফলস্বরূপ সব সংস্থা 16 অক্টোবর, 2023 তারিখের বিধিবদ্ধ সময়সীমা পূরণ করতে পেরেছে। সংস্থাগুলোকে অবশ্যই প্রতি পাঁচ বছর অন্তর পুনরায় সার্টিফিকেশন গ্রহণ করতে হবে।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (New York State Division of Criminal Justice Services) হলো অপরাধের ন্যায়বিচারের ক্ষেত্রে সহায়তাকারী একটি মাল্টি-ফাংশন সংস্থা এবং এর বিভিন্ন ধরনের দায়িত্ব রয়েছে, যার মধ্যে আইন প্রয়োগকারী সংস্থাকে প্রশিক্ষণ প্রদান; স্টেটব্যাপী সংঘটিত অপরাধের ডাটা সংগ্রহ ও বিশ্লেষণ; অপরাধের ইতিহাসের তথ্য ও আঙ্গুলের ছাপের ফাইল সংরক্ষণ; নিউ ইয়র্ক স্টেট পুলিশের সাথে অংশীদার হয়ে, স্টেটের DNA ডাটাব্যাংকের প্রশাসনিক তদারকি; প্রোবেশন ও কমিউনিটি সংশোধন কর্মসূচিগুলোর অর্থায়ন ও তত্ত্বাবধান; ফেডারেল ও স্টেট পর্যায়ের ক্রিমিনাল জাস্টিস তহবিল বরাদ্দকরণ; স্টেটব্যাপী ফৌজদারি বিচার সংক্রান্ত সংস্থাগুলোকে সহায়তা প্রদান; এবং স্টেটের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি নিয়ন্ত্রণ, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। সংস্থাটিকে ফেসবুকে (Facebook), ইনস্টাগ্রামে (Instagram) এবং X (সাবেক টুইটারে (Twitter) অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418